# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২০২) আযানের দু'আর শেষে "ইন্নাকা লা তুখ্‌লিফুল মীআ'দ" বাক্যটি বৃদ্ধি করে পড়া কি ছহীহ্ হাদীছ দ্বারা প্রমাণিত?

হাদীছ শাস্ত্রের পন্ডিতদের মধ্যে এ বাক্যটি নিয়ে মতবিরোধ রয়েছে। কেউ কেউ বলেছেন, ইহা ছহীহ্ নয়। ইহা শায। কেননা আযানের দু'আর ব্যাপারে যারা হাদীছ বর্ণনা করেছেন তাদের অধিকাংশই এবাক্যটি উল্লেখ করেননি। বিশুদ্ধ হলে তো তা বাদ দেয়া বৈধ নয়। দু'আ ও প্রশংসার বাক্যে বা অনুরূপ ক্ষেত্রে কোন শব্দ ছেড়ে দেয়া উচিৎ নয়। কেননা এটা দ্বারা ইবাদত সম্পন্ন করা হয়।

বিদ্বানদের মধ্যে অন্যরা বলেছেনঃ এর সনদ ছহীহ্। এটা বলা যায় এতে কোন বাধা নেই। শায়খ আবদুল আযীয বিন বায বলেছেন, হাদীছটির সনদ ছহীহ্। বায়হাক্বী ছহীহ্ সনদে এটা বর্ণনা করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন